## 'শেখ রাসেল দিবস' ২০২৩ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : শামীম আহমেদ, জেলা প্রশাসক, রাজশাহী

সভার স্থান : জেলা প্রশাসক, রাজশাহী'র সম্মেলন কক্ষ

সভার তারিখ : ০৫.১০.২০২৩ খ্রিস্টাব্দ

সভার সময় : সকাল ১০:০০ ঘটিকা

সভাপতি কর্তৃক উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। ভবিষ্যৎ বাংলাদেশের কর্ণধার তথা বর্তমান প্রজন্মের শিক্ষার্থী ও শিশু-কিশোরদেরকে উন্নত বাংলাদেশের নাগরিক হিসেবে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে জাতীয়ভাবে প্রতি বছর ১৮ অক্টোবর কেন্দ্রীয়, বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে যথাযথ মর্যাদায় সফলভাবে 'শেখ রাসেল দিবস' উদযাপন এর নিমিত্ত সরকার শেখ রাসেল দিবস উদ্‌যাপন নীতিমালা ২০২২ অনুমোদন করেছে। ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, পলিসি শাখা, এর ১৬ অক্টোবর ২০২২ খ্রি. তারিখের ৫৬.০০.০০০০.০৬১. ২২.০০৫.২২.১১৩ নং স্মারকে 'শেখ রাসেল দিবস উদ্‌যাপন নীতিমালা ২০২২' গেজেট আকারে প্রকাশ করা হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৯তম জন্মবার্ষিকী ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে কর্মসূচি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ স্থানীয় কর্মসূচি গ্রহণ করা হয়:

| তারিখ | সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৮ অক্টোবর ২০২৩ বুধবার | ০৯.০০ | বর্ণাঢ্য র‍্যালী | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী হতে জেলা শিল্পকলা একাডেমি, রাজশাহী পর্যন্ত | সংশ্লিষ্ট উপকমিটি |
| | ৯.৩০ | শেখ রাসেল-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | জেলা শিল্পকলা একাডেমি, রাজশাহী | সংশ্লিষ্ট উপকমিটি |
| | ৯.৪৫ | আলোচনা সভা | জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তন, রাজশাহী | সংশ্লিষ্ট উপকমিটি |
| | ১০.৪৫ | সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ | জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তন, রাজশাহী | জেলা কালচারাল অফিসার, রাজশাহী |
| | সুবিধাজনক সময়ে | "আমার তুলিতে শেখ রাসেল" বিষয়ক চিত্রাঙ্কন ও "প্রিয় শেখ রাসেল" বিষয়ক রচনা প্রতিযোগিতা | জেলা শিল্পকলা একাডেমি, রাজশাহী | জেলা কালচারাল অফিসার, রাজশাহী |
| | সুবিধাজনক সময়ে | প্রিয় শেখ রাসেল বিষয়ক প্রেজেন্টেশন প্রস্তুত ও শ্রেষ্ঠ ল্যাব প্রতিযোগিতা | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, রাজশাহী | সংশ্লিষ্ট উপকমিটি |
| | সুবিধাজনক সময়ে | প্রীতি ফুটবল, ব্যাডমিন্টন ও প্যারা ব্যাডমিন্টন ম্যাচ | মুক্তিযুদ্ধ স্মৃতি স্টেডিয়াম, রাজশাহী | জেলা ক্রীড়া অফিসার, রাজশাহী ও সাধারণ সম্পাদক, জেলা ক্রীড়া সংস্থা, রাজশাহী |

০২. কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে উপস্থিত সকলকে অনুরোধ করা হয় এবং কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট ব্যক্তিদের সমন্বয়ে নিম্নরূপ বিভিন্ন উপ-কমিটি গঠন হয়। (উপ-কমিটিসমূহ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

### (ক) র‍্যালী, ভেন্যুপ্রস্তুত ও পুষ্পস্তবক অর্পণ উপ-কমিটি:

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী | আহবায়ক |
| ২. | পুলিশ কমিশনার আর.এম.পি, এর প্রতিনিধি | সদস্য |
| ৩. | পুলিশ সুপার, রাজশাহী এর প্রতিনিধি | সদস্য |
| ৪. | নেজারত ডেপুটি কালেক্টর, রাজশাহী | সদস্য |
| ৫. | উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১, রাজশাহী | সদস্য |
| ৬. | উপপরিচালক, তথ্য ও গণযোগাযোগ অধিদপ্তর, রাজশাহী | সদস্য |
| ৭. | জেলা কালচারাল অফিসার, রাজশাহী | সদস্য |
| ৮. | নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-২, নেসকো লি. রাজশাহী | সদস্য |
| ৯. | জেলা শিক্ষা অফিসার, রাজশাহী | সদস্য |
| ১০. | ডা. মো: আব্দুল মান্নান, বীর মুক্তিযোদ্ধা, রাজশাহী | সদস্য |
| ১১. | সম্পাদক, দৈনিক সোনার দেশ, রাজশাহী | সদস্য |
| ১২. | প্রতিনিধি, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী | সদস্য |
| ১৩. | প্রতিনিধি, জেলা পরিষদ, রাজশাহী | সদস্য |
| ১৪. | জনাব আব্দুর রোকন মাসুম, সহকারী শিক্ষক, অগ্রণী স্কুল, রাজশাহী | সদস্য |

**(খ) আলোচনা সভা উপ-কমিটি**

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), রাজশাহী | আহবায়ক |
| ২. | পুলিশ কমিশনার, রাজশাহী এর প্রতিনিধি | সদস্য |
| ৩. | নেজারত ডেপুটি কালেক্টর, রাজশাহী | সদস্য |
| ৪. | সহকারী কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা, রাজশাহী | সদস্য |
| ৫. | উপপরিচালক, জেলা তথ্য অফিস, রাজশাহী | সদস্য |
| ৬. | জনাব আব্দুর রোকন মাসুম, সহকারী শিক্ষক, অগ্রণী স্কুল, রাজশাহী | সদস্য |
| ৭. | প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজশাহী | সদস্য |

**(গ) প্রিয় শেখ রাসেল বিষয়ে প্রেজেন্টেশন প্রস্তুত ও শ্রেষ্ঠ ল্যাব প্রতিযোগিতা উপ-কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী | আহবায়ক |
| ২. | সহকারী কমিশনার, আইসিটি শাখা, রাজশাহী | সদস্য |
| ৩. | নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, জেলা কার্যালয়, রাজশাহী | সদস্য |
| ৪. | প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজশাহী | সদস্য সচিব |

০৩. সকল শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল এঁর জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে আলোচনা সভা/সেমিনার আয়োজনের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হয়।

০৪. জাতীয় ও জেলা পর্যায়ে গৃহীত কর্মসূচির আলোকে প্রতিষ্ঠানভিত্তিক কর্মসূচি প্রণয়ন করে যথাযথ মর্যাদার সাথে দিবসটি পালনের লক্ষ্যে সকল প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়।

০৫. জেলা প্রশাসন কর্তৃক গৃহীত বিভিন্ন কর্মসূচিতে আইন-শৃংখলা রক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ কমিশনার, আর.এম.পি, রাজশাহীকে অনুরোধ করা হয়।

০৬. শেখ রাসেল এঁর জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে আয়োজিত সকল অনুষ্ঠানে আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য জেলা পর্যায়ের সকল কর্মকর্তা ও কর্মচারীকে অনুরোধ করা হয়।

০৭. 'শেখ রাসেল দিবস উদ্‌যাপন নীতিমালা ২০২২' অনুযায়ী যথাযথ মর্যাদার সাথে দিবসটি পালনের জন্য জেলাস্থ সকল উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।

০৮. উপজেলা পর্যায়ে গৃহীত বিভিন্ন কর্মসূচিতে আইন-শৃংখলা রক্ষার ও নিরাপত্তা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, রাজশাহীকে অনুরোধ করা হয়।

০৯. নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য নির্বাহী প্রকৌশলী, নেসকো-২, রাজশাহীকে অনুরোধ জানানো হয়।

১০. শেখ রাসেল-এর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ অনুষ্ঠানস্থলে মাইকসেটসহ অপারেটর সরবরাহ এবং অনুষ্ঠানসূচি, থিম সংগীত, অডিও-ভিজ্যুয়াল পোস্টার, লিফলেট ইত্যাদি ব্যাপক প্রচারের জন্য উপ-পরিচালক, জেলা তথ্য অফিস, রাজশাহীকে অনুরোধ করা হয়।

১১. অনুষ্ঠান স্থলে সুপেয় পানি সরবরাহ নিশ্চিত করার জন্য সচিব, ওয়াসা, রাজশাহীকে অনুরোধ করা হয়।

১২. অনুষ্ঠানস্থলে অগ্নিনির্বাপক টিম প্রস্তুত রাখার জন্য উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহীকে অনুরোধ করা হয়।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৯তম জন্মবার্ষিকী ২০২৩ যথাযোগ্য মর্যাদার সাথে পালনের জন্য গৃহীত সকল কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে উপস্থিত সকলের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও আন্তরিক সহযোগিতা কামনা করে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৫/১০/২০২৩

(শামীম আহমেদ)
জেলা প্রশাসক
রাজশাহী
ফোন ০২৫৮৮৮-৫৭০৫০ (অফিস)
email: dcrajshahi@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
(সাধারণ শাখা)
www.dcrajshahi.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১০০.০১৩.০৪.০১৮.২৩-৭৭৭(১০০) তারিখ : ২৩ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ / ০৮ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**অনুলিপি:সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫. সচিব, তথ্য ও প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা
০৬. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৮. উপ-মহাপুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ রাজশাহী
০৯. পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ
১০. পুলিশ সুপার, রাজশাহী
১১. উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী
১২. অতিরিক্ত জেলা প্রশাসক, (রাজস্ব/সার্বিক/শিক্ষা কল্যাণ ও আইসিটি/উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) রাজশাহী
১৩. উপজেলা নির্বাহী অফিসার, (সকল) রাজশাহী
১৪. জনাব.......................................................
.......................................................
.......................................................

০৮/১০/২০২৩
শামীম আহমেদ
জেলা প্রশাসক
রাজশাহী
ফোন নং-০২৫৮৮৮-৫৭০৫০(অফিস)
email: dcrajshahi@mopa.gov.bd